লিপি আর্থিক
শিলিগুড়ি, বৃহস্পতিবার, ৫ জুলাই ২০১৮
Siliguri•Thursday•July 5, 2018
Arthik Lipi, Page 2



# সিপিএমের থেকে বিজেপি আরও ভয়ঙ্কর : অরূপ রায়

**নিজস্ব সংবাদদাতা:** আগামী২১ জুলাই ধর্মতলায় শহিদ সমাবেশ সফল করতে মঙ্গলবার বিকেলে হাওড়ার শরৎ সদনে প্রস্তুতি সভার ডাক দিয়েছিল হাওড়া জেলা তৃণমূল যুব কংগ্রেস। সেই সভামঞ্চকে কার্যত বিজেপি'র অমিত শাহ'র পাল্টা সভা হিসেবে বেছে নিয়েছে তৃণমূল কংগ্রেস নেতৃত্ব সাংসদ প্রসূন বন্দ্যোপাধ্যায় থেকে শুরু করে রাজ্যের মন্ত্রী অরূপ রায়। প্রত্যেকেই এদিন আক্রমণের মূল নিশানা করেন বিজেপিকে। অমিত শাহ থেকে শুরু করে নরেন্দ্র মোদীর উদ্দেশে পাল্টা চ্যালেঞ্জ ছুড়ে দেন তারা। হাওড়া জেলা সদর তৃণমূল কংগ্রেস সভাপতি তথা সমবায় মন্ত্রী অরূপ রায় বলেন, ''সিপিএমের থেকেও বিজেপি আরও ভয়ঙ্কর শক্তি। তাই যেখানে বিজেপি সভা সমাবেশ করবে সেখানেই তার পাল্টা সভা সমাবেশ তৃণমূল কংগ্রেস করবে। ইঙ্গিতে ইঙ্গিতে যুদ্ধ করতে হবে বিজেপি'র সঙ্গে।'' তিনি বলেন, মাত্র কয়েকদিন আগেই হাওড়ায় শরৎ সদনের সভা মঞ্চে দাঁড়িয়ে অনেক বড় বড় ভাষণ এবং হুঙ্কার দিয়ে গেছেন বিজেপি'র সর্বভারতীয় সভাপতি অমিত শাহ। উনি বলে গেছেন এ রাজ্যে ২২টি আসন তারা পাবেন। হাওড়া লোকসভা আসন তারা দখল করবেন। আসলে উনি হেলে ধরতে পারেন না কেউটে ধরতে যাচ্ছেন। ওনারা দার্জিলিং, আসানসোল এই আসনগুলো বাঁচাত পারবেন কি না ঠিক নেই, ওনারা হাওড়ার আসনের স্বপ্ন দেখছেন। দিবাস্বপ্ন দেখা মোটেও ভাল নয়। ধর্মের নামে সুড়সুড়ি দিয়ে দাঙ্গাবাজ একটা দল বাংলা দখলের পরিকল্পনা করছে। নির্বাচনের আগে এবং নির্বাচনের পরে যারা দেশের মানুষের প্রতিশ্রুতি পালন করতে ব্যর্থ, যারা দেশের মানুষকে ধোঁকা দিয়েছেন তাদের মুখে এ কথা মানায় না। এদের বিরুদ্ধে আমাদের রুখে দাঁড়াতে হবে। ২০১৯-এর দিল্লি মসনদ থাকবে কি না দেখুন। কারণ সেখানে ফেডারেল ফ্রন্টের সরকার হবে। আমরা চাই আগামীদিন বাঙালি প্রধানমন্ত্রী হোক। আমরা চ্যালেঞ্জ করছি, হাওড়ায় লোকসভা কেন্দ্রে যে কেউ প্রার্থী হোক বিজেপি'র হয়ে তার জমানত জব্দ হবে। আমাদের দলে একজন নেতা ছিলেন যিনি বিজেপি'র হাতে তামাক খেয়েছেন। যার হাতে জন্ম হয়েছিল তার, আজকে তার বিরুদ্ধেই বিষোদগার করছেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত মাথায় না থাকলে তার স্থান ডবল জিরো হয়ে যাবে। আমরা চাই মমতা বন্দ্যোপাধ্যায় ভারতবর্ষকে নেতৃত্ব দিন। উনি ভারতের প্রধানমন্ত্রী হন। মোদী সরকারকে উৎখাত করে শক্তিশালী সরকার সুপ্রতিষ্ঠিত হোক এটাই আমরা চাই। এদিনের সভায় সাংসদ প্রসূন বন্দ্যোপাধ্যায় বলেন, তৃণমূল কংগ্রেসকে যারা টোকা দিতে আসবে তারা ঝড়ে উড়ে যাবে। মমতা বন্দ্যোপাধ্যায় যে দলের নেত্রী সেই দলকে পৃথিবীর কোনও দল হারাতে পারবে না। উনি বিশ্ববাংলার রূপকার। ২১ জুলাই সমাবেশকে সফল করতে হবে। এদিন প্রসূন বন্দ্যোপাধ্যায় কার্যত অমিত শাহকে চ্যালেঞ্জ ছুড়ে দেন। তিনি বলেন, সাংসদ হিসেবে আমি আপনার কাছে প্রশ্ন রাখছি, আপনারা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি কেন পালন করা হল না। আপনারা দেশের মানুষকে বলেছিলেন, কালো টাকা দেশে ফিরিয়ে আনবেন। ১০০ দিনের মধ্যে সেই প্রতিশ্রুতি আপনারা পালন করতে পারেননি কেন। নোটবন্দি করা হয়েছিল কেন! নোটবন্দি করে কেন সাধারণ মানুষকে বিপদে ফেলা হয়েছিল তার জবাব দিন। কেন জিএসটি করা হয়েছিল তার জবাব আপনাকে দিতে হবে। কী কী কাজ করেছেন আপনি তার জবাব দিন। কেন পেট্রোল , ডিজেল, রান্নার গ্যাসের দাম বাড়বে, কেন ভর্তুকি তুলে দিয়েছেন এই জবাব আপনাদের দিতে হবে। সাংসদ হিসেবে আমি এই প্রশ্ন তুলছি আপনার কাছে। প্রসূনবাবু আরও বলেন, দেশের সব থেকে বাজে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আগামী লোকসভা নির্বাচনে এ রাজ্য থেকে বিজেপি একটাও আসন পেলে আমি এমপি পদ ছেড়ে চলে যাব। ২০১৯-এ কেন্দ্রে আসবে ফেডারেল ফ্রন্ট। এদিনের সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্যের ক্রীড়া প্রতিমন্ত্রী লক্ষ্মীরতন শুক্লা, হাওড়ার মেয়র রথীন চক্রবর্তী, হাওড়া জেলা তৃণমূল যুব কংগ্রেস সদর সভাপতি অনুপম ঘোষ, হাওড়া পুরসভার চেয়ারম্যান অরবিন্দ গুহ, হাওড়া জেলা তৃণমূল কংগ্রেসের কার্যকরী সভাপতি সৃষ্টিধর ঘোষ সহ পুরসভার সকল মেয়র পারিষদ, কাউন্সিলর এবং তৃণমূল কংগ্রেসের নেতৃবৃন্দ।

## আদালতে আত্মসমর্পণ করতে এসে পুলিশের সঙ্গে ধস্তাধস্তি

**সিউড়ি, ৪ জুলাই :** আদালতে আত্মসমর্পণ করতে এসে পুলিশের সঙ্গে ধস্তাধস্তিতে জড়িয়ে পড়ল এক অভিযুক্ত। আইনজীবীদের হেফাজতে থাকা ওই অভিযুক্তকে জোর করে থানায় নিয়ে যাওয়ার চেষ্টা করেন পুলিশের এক তদন্তকারী অফিসার। শেষে আইনজীবীদের বাধায় তা সফল হয়নি। পাশাপাশি পুলিশের ওই অফিসারকে ডেকে তাকে সতর্ক করেন বিচারক। যদিও তিনি দোষ স্বীকার করায় আইনজীবীরা আর এই নিয়ে কোনও উচ্চবাচ্য করেননি।

সিউড়ির ডাঙ্গালপাড়ায় দিন ৭ আগে প্রতিবেশীকে খুনের চেষ্টার অভিযোগ ওঠে রমেশ মাল নামে এক ব্যক্তির বিরুদ্ধে। প্রতিবেশী উদয়শঙ্কর বন্দ্যোপাধ্যায়কে ধারালো অস্ত্র দিয়ে প্রাণে মারার অভিযোগ ওঠে রমেশের বিরুদ্ধে। সেই মর্মে সিউড়ি থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন উদয়বাবু। গতকাল সকালে অভিযুক্ত রমেশ মাল আইনজীবীদের মাধ্যমে সিউড়ি আদালতে আত্মসমর্পণ করতে আসেন। তার পরিপ্রেক্ষিতে সিউড়ি আদালত তাকে হেফাজতে নেয়।

আদালতে ঢোকার আগে তদন্তকারী অফিসার প্রেমজিৎ সিন্‌হা রমেশ পালকে আদালতের হেফাজত থেকে বের করে মারধর করে সিউড়ি থানায় নিয়ে যাওয়ার চেষ্টা করেন বলে অভিযোগ। তাকে কেন্দ্র করে পুলিশ অফিসারের সঙ্গে আইনজীবীদের আদালত চত্বরেই বচসা শুরু হয়ে যায়। অভিযুক্তকে শেষ পর্যন্ত থানায় নিয়ে যেতে পারেননি ওই তদন্তকারী অফিসার।

খবর জানাজানি হতেই বিচারক ডেকে পাঠান ওই তদন্তকারী পুলিশ অফিসারকে। সেখানেই তাকে সতর্ক করে দেওয়া হয়। লজ্জায় পুলিশের টুপিতে মুখ ঢেকে আদালত চত্বর ছাড়েন ওই পুলিশ অফিসার। অভিযুক্ত পক্ষের আইনজীবী মানবেন্দ্র মুখোপাধ্যায় জানান, বুধবার পুলিশ যে কাজ করেছে সেটা অনৈতিক। আদালত থেকে কোনও অভিযুক্তকে পুলিশ গ্রেফতার করতে পারে না। তবে পুলিশ নিজের অপরাধ বুঝতে পারায় তারা আর বেশি দূর এগোয়নি।

## সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 5 | 1 | | | | 3 | | | |
| 2 | | 6 | | | 5 | 9 | | 7 |
| | | | | | | 8 | 5 | |
| | 2 | 1 | | 7 | | | | |
| 9 | | 4 | | | | 7 | | 1 |
| | | | | 1 | | 3 | 2 | |
| | 4 | 3 | | | | | | |
| 1 | | 5 | 3 | | | 2 | | 4 |
| | | | 6 | | | | 3 | 9 |

### গতকালের সমাধান

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 7 | 4 | 5 | 3 | 9 | 6 | 1 | 8 | 2 |
| 2 | 1 | 3 | 5 | 8 | 7 | 6 | 9 | 4 |
| 6 | 8 | 9 | 4 | 1 | 2 | 7 | 5 | 3 |
| 5 | 9 | 7 | 2 | 4 | 1 | 3 | 6 | 8 |
| 1 | 2 | 4 | 8 | 6 | 3 | 9 | 7 | 5 |
| 8 | 3 | 6 | 9 | 7 | 5 | 2 | 4 | 1 |
| 3 | 7 | 2 | 6 | 5 | 8 | 4 | 1 | 9 |
| 9 | 5 | 1 | 7 | 3 | 4 | 8 | 2 | 6 |
| 4 | 6 | 8 | 1 | 2 | 9 | 5 | 3 | 7 |

### আবহাওয়া

**পূর্বাভাস:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৯২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ০৪।৫৬, **সূর্যাস্ত:** ঘ ০৬।২৫। **জোয়ার:** ভোর ৫.৫০। **ভাঁটা:** দুপুর ১.০০।

**— সমাধানের নিয়ম —**

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

### সোনা-রুপোর বাজার দর

| | টাকা |
|---|---|
| পাকা সোনা (১০ গ্রাম): | ৩১,০৪০ |
| গহনা সোনা (১০ গ্রাম): | ২৯,৪৫০ |
| হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম): | ২৯,৮৯০ |
| রুপোর বাট (প্রতি কেজি): | ৩৯,৯০০ |
| খুচরো রুপো (প্রতি কেজি): | ৪০,০০০ |

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

### মুদ্রা বিনিময় হার

**RBI REFERENCE RATE**

| | |
|---|---|
| INR / 1 USD | 68.5312 |
| INR / 1 Euro | 80.0239 |
| INR / 100 Jap. YEN | 62.0900 |
| INR/1 Pound Sterling | 90.5229 |

### শেয়ারসূচক

| | | |
|---|---|---|
| BSE | 35,645.40▲ | +266.80 |
| NSE | 10,769.90▲ | +70.09 |

### শব্দলিপি- ১২৪২

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ■ | ৩ | | ৪ | ■ |
| | ■ | | ■ | | ■ | | ■ |
| ৫ | ৬ | | ■ | | ■ | | ■ |
| ■ | | ■ | ৭ | | | | |
| ৮ | | | | | ■ | | ■ |
| ■ | | ■ | | ■ | ৯ | | ১০ |
| ■ | | ■ | | ■ | | ■ | |
| ■ | ১১ | | | ■ | ১২ | | |

কালীপদ মুখোপাধ্যায়

**পাশাপাশি ঃ** ১। ভূসম্পত্তি ৩। সমবেদনা ৫। কামদেব ৭। পরিবর্তন ৮। অরণ্যানি ৯। অত্যধিক বায়না করে এমন ১১। মৃত্যুর পর পাপীদের আস্তানা ১২। বর্ষা

**উপরনীচ ঃ** ১। অনুশীলন ২। মৃতদেহ সংরক্ষণের বাক্স ৩। রাজনীতিতে হামেশাই হয় ৪। দানবপীড়ন ৬। শাসন-নির্যাতন ৭। পটশিল্পী ৯। উচ্ছ্বসিত প্রশংসা ১০। শুধুমাত্র

**সমাধান ঃ শব্দলিপি - ১২৪১**

**পাশাপাশি ঃ** ১। আলুই ৫। ললাম ৬। বমনীয় ৭। পক্ষল ৯। পরম ১০। তাড্যমান ১২। আসব ১৩। তথৈব

**উপরনীচ ঃ** ১। আগম ২। ইন্দ্রিয়পর ৩। হেলদোল ৪। এমন তেমন ৬। বর্ণচোরা আম ৮। ক্ষমতাচ্যুত ৯। পরবস্তি ১১। মাধব

## বিবস্ত্র কিশোরীর মৃতদেহ উদ্ধার

**শান্তিপুর, ৪ জুলাই :** বিবস্ত্র কিশোরীর মৃতদেহ উদ্ধার হল নদিয়ার ভীমপুর থানার ভাতশালা গ্রামে। মঙ্গলবার রাতে মৃতদেহটি উদ্ধার করে বাড়ির লোকজন। অভিযোগ, প্রেম প্রস্তাবে রাজি না হওয়ায় কিশোরীকে খুন করেছে সুব্রত মণ্ডল (২৭) নামে গ্রামেরই এক যুবক। তার বিরুদ্ধে ভীমপুর থানায় অভিযোগ দায়ের হয়েছে। ঘটনার পর থেকে সে পলাতক। পুলিশের তরফে জানানো হয়েছে, অভিযুক্তকে খোঁজার চেষ্টা চলছে।

পুলিশের তরফে জানা গেছে, ভাতশালা গ্রামের বাসিন্দা ওই কিশোরী ক্লাস ইলেভেনে পড়ত। একই পাড়ায় অন্য একটি বাড়িতে তার দাদু ও ঠাকুরমা তাকে। স্থানীয় বাসিন্দারা জানিয়েছে, মঙ্গলবার সন্ধ্যায় দাদুর বাড়িতে রান্না করতে যায় মাম্পি (নাম পরিবর্তিত)। কিন্তু, সেই শেষ যাওয়া। আর ফিরে আসেনি। রাত ১১টার পরে সুব্রতর বাড়ির কাছেই একটি গাছে ঝুলন্ত অবস্থায় দেখা যায় মাম্পির মৃতদেহ। দেহ বিবস্ত্র অবস্থায় ছিল। ঠিক কী হয়েছিল? সন্ধ্যা ৭টা। দাদুর বাড়ি পৌঁছায় মাম্পি। সঙ্গে নিয়ে গিয়েছিল খাতা-বই। পড়াশোনা করে দাদু ও ঠাকুরমাকে রান্না করে খাওয়ানোর কথা ছিল তার। রান্নাও করে সে। তারপরই এই ঘটনা।

বাগআঁচড়া তড়িৎ সংঘের উদ্যোগে পালিত হল রক্তদান শিবির। এই রক্তদান শিবিরকে ঘিরে উৎসাহ দিল চোখে পড়ার মতো।

## ইংলিশ চ্যানেল পার করে ঘরে ফিরলেন রিমো

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া:** ইংলিশ চ্যানেল পার করে ঘরে ফিরলেন প্রতিবন্ধী সাঁতারু রিমো সাহা।

বুধবার মুম্বই থেকে গীতাঞ্জলি এক্সপ্রেসে দুপুর ২.০৬ নাগাদ হাওড়া স্টেশনে পৌঁছায়। স্টেশনে ছিলেন ক্রীড়া প্রতিমন্ত্রী লক্ষ্মীরতন শুক্লা, মেয়র পারিষদ গৌতম চৌধুরি, স্থানীয় কাউন্সিলর সহ ছিলেন কয়েকশো ক্রীড়াপ্রেমী মানুষ। তাকে ফুলমালা সহকারে অভ্যর্থনা জানান তারা।

এদিন হাওড়া স্টেশনে ফিরে রিমো জানান, সে ১২ ঘণ্টা ৩৬ মিনিটে পার করেছেন ইংলিশ চ্যানেল।

এটা জাতীয় এবং এশিয়ার একটা রেকর্ড। সকলের সাহায্যেই ইংলিশ চ্যানেল পার করা সম্ভব হয়েছে। এর জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি জানিয়েছেন, ইংলিশ চ্যানেল পার করার সময় সেপারেট জোনে প্রচুর পরিমাণে জেলি ফিস প্রতিবন্ধকতা সৃষ্টি করেছিল। এছাড়াও ফ্রান্সের কোস্টাল এলাকায় জোয়ারের জন্য সমস্যার সৃষ্টি করেছিল। পরের বছর আমেরিকার দুটো চ্যানেল পার করবে বলে জানিয়েছেন রিমো। ইংলিশ জয়ী রিমোকে যারা সাপোর্ট করেছেন তাদের প্রত্যেককে ধন্যবাদ জানিয়েছেন মন্ত্রী লক্ষ্মীরতন শুক্লা।

তিনি বলেছেন, রিমোর মতো ছেলেদের সাহায্যের প্রয়োজন। রিমোর কোচ সুনীল মিত্র জানিয়েছেন, সকলের অনুপ্রেরণায় যে ইংলিশ চ্যানেল পার হয়েছে এর জন্য তিনি গর্বিত।

## দুজনের রক্তের প্রয়োজনে রক্তদান শিবির

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া:** শঙ্খদীপ খামরুই ও শেখ মহম্মদ আমন থ্যালাসেমিয়া আক্রান্ত দুই ছাত্র। এদের রক্ত সরবরাহ রাখতে হাওড়া অক্ষয় শিক্ষায়তনের উদ্যোগে স্কুলে অনুষ্ঠিত হল রক্তদান প্রকল্প। বুধবার সকালে এই রক্তদানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী অরূপ রায়, হাওড়া জেলা সদরের সাংসদ প্রসূন বন্দ্যোপাধ্যায়। শুধু দু'জন ছাত্র নয় পরবর্তীকালে আরও অসুস্থ ছাত্র-ছাত্রীদের রক্ত জোগানের জন্য ব্যবস্থা নেওয়ার চিন্তাভাবনা করা হচ্ছে। স্কুল ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা সহ সমাজের বিভিন্ন শ্রেণির মানুষ রক্তদানে শ৭ামিল হয়েছিল। এই রক্তদান প্রকল্পে মোট ৫০ জন রক্তদান করেছে।

## ঝগড়ুবাবা, লোকশিক্ষক, যুগবিবেক সমাজকর্মী

**নিজস্ব সংবাদদাতা:** গত ২৯ জুন, ঝগড়ুবাবা পুস্তিকার শুভ প্রকাশ অনুষ্ঠিত হয়েছে। পুস্তকটি প্রকাশ করেন রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচারের সম্পাদক স্বামী সুপর্ণানন্দ মহারাজ। ফাউন্ডেশনের সভাপতি আইনজীবী তামসরঞ্জন রায় অতিথি অভ্যাগতদের স্বাগত ভাষণে আপ্যায়ন করেছেন। অ্যাকাডেমি অফ ফাইন আর্টসের সভাগৃহ ছিল কানায় কানায় পূর্ণ সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেছেন দেবাশিস বসু। ঝগড়ুবাবার স্নেহধন্য শুভদেব চ্যাটার্জির সঙ্গীত সভাগৃহের সকলকে আপ্লুত করে তুলেছে। বইটির লেখক ডঃ সুবীর বন্দ্যোপাধ্যায়।

স্বামী সুপর্ণানন্দ মহারাজ বলেন, মহাপুরুষ ঝগড়ুবাবার জীবনাদর্শ প্রমাণ করে প্রতিটি মানুষ জীবনকালে ইভোলুশানের মধ্য দিয়ে নিজেকে দেবরূপে পরিবর্তন করতে পারেন। অন্তরের অন্তস্থল থেকে যে আলোকছটা বিচ্ছুরিত হয় এবং যিনি তা দর্শন করে ধারণ করতে পেরেছেন তিনি দেবতা। তিনিই বলতে পারেন, ''ডরো মৎ হ্যাম হ্যায়'' মানব জীবনের বিভিন্নতাকে পরিলক্ষিত করে বাবা বলেছেন, ''রাস্তে আলাগ আলাগ মগর মঞ্জিল এক''। এই মঞ্জিলকে হাসিল করবার জন্য একই সূত্র ''মহব্বৎ তাই মহাপুরুষ ঝগড়ুবাবা বলে গেছেন মহব্বৎ ছোড়কে কুছ নেহি হ্যায়''।

সভাগৃহে উপস্থিত সকলেই মনে করেন তারা সবাই ওনার ভক্ত। উনি কাউকেই শিস্য করে যাননি। গত ২৬ ফেব্রুয়ারি,২০০৮ সালে উনি পরলোকগমন করেছেন। আজও ভক্তরা মনে করেন ঝগড়ুবাবা তাদের শিক্ষকপথ প্রদর্শক।

## যুবতীকে পুড়িয়ে মারার অভিযোগ

**রেজিনগর, ৪ জুলাই :** আগুনে পুড়িয়ে এক যুবতীকে মেরে ফেলার অভিযোগ উঠল তার শ্বশুরবাড়ির বিরুদ্ধে। গায়ের রং কালো হওয়ায় তাকে মেরে ফেলা হয় বলে রেজিনগর থানায় অভিযোগ দায়ের করেছে মৃতের বাবার বাড়ির লোকজন। যুবতীর নাম নুরিফা বিবি (২৫)। ঘটনাটি মুর্শিদাবাদের রেজিনগর থানার দাদপুরের। অভিযোগ, ২৭ জুন নুরিফার গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেয় তার শ্বশুরবাড়ির লোকজন। তাকে দগ্ধ অবস্থায় মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছিল। সেখানেই চিকিৎসা চলছিল তার। আজ সেখানে তার মৃত্যু হয়। মৃতার পরিবারের অভিযোগ, আলমগির হোসেনের সঙ্গে বিয়ে হয় নুরিফা বিবির। মোটা টাকা পণ দেওয়া হয়েছিল। গায়ের রং কালো হওয়ায় তাকে শ্বশুরবাড়ির লোকজন নির্যাতন করত। অশান্তি বাড়ায় নুরিফা বাপের বাড়ি চলে যায়। অভিযোগ, সে সময় আলমগির নুরিফাকে আগুনে পুড়িয়ে মারার হুমকি দিয়েছিল। নুরিফাকে শ্বশুর বাড়িতে ফিরে যেতে গ্রামে সালিশি সভা বসে। সভার সিদ্ধান্ত মেনে শ্বশুরবাড়িতে ফিরে যায় নুরিফা। অভিযোগ, শ্বশুরবাড়িতে ফিরে যাওয়ার পর ২৭ জুন আগুন লাগিয়ে দেওয়া হয় নুরিফার গায়ে।

## অবৈধভাবে সিলিন্ডার বিক্রির অভিযোগে ধৃত ১

**বনগাঁ, ৪ জুলাই :** অবৈধভাবে গ্যাস সিলিন্ডার বিক্রির অভিযোগে উত্তম দে নামে এক যুবককে গ্রেফতার করল বনগাঁ থানার পুলিশ। উদ্ধার করা হয় ৫০টি গ্যাস সিলিন্ডার, গ্যাস ভরার ও মাপার যন্ত্র। উত্তর ২৪ পরগনার বনগাঁ থানার রামকৃষ্ণ পল্লির ঘটনা। মঙ্গলবার গভীর রাতে গোপন সূত্রে খবর পেয়ে বনগাঁ থানার রামকৃষ্ণ পল্লি এলাকা থেকে ৫০টি গ্যাস সিলিন্ডার, চারটি গ্যাস ভরার ও দু'টি গ্যাস মাপার যন্ত্র উদ্ধার করে পুলিশ। উদ্ধার হওয়া ৫০টি সিলিন্ডারের মধ্যে বেশিরভাগ গ্যাস ভর্তি ছিল। কয়েকটিতে অর্ধেক গ্যাস ছিল বলে জানা গেছে।

পুলিশ জানিয়েছে, উত্তম দে কয়েকবছর ধরেই অবৈধভাবে গ্যাস কেনাবেচার কারবার চালাচ্ছিল। এলাকায় মারুতি গাড়ি, অটো রিকশা ও বিভিন্ন ডেকরেটর ও হোটেলে গ্যাস সাপ্লাই করত উত্তম। বহুদিন ধরেই পুলিশের কাছে এই বেআইনি ব্যবসার খবর ছিল। তাই সঠিক সময় ও সুযোগের অপেক্ষায় ছিল পুলিশ। উত্তমকে বুধবার বনগাঁ আদালতে তোলা হবে। এত গ্যাস সে কোথা থেকে আমদানি করত এবং এই ব্যবসার পিছনে অন্য কেউ জড়িত কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।

## সরকারি নিষেধাজ্ঞাকে বুড়ো আঙুল, দেদার বিক্রি হচ্ছে ছোট মাছ

**নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ :** সরকারি নিষেধাজ্ঞাকে বুড়ো আঙুল দেখিয়ে বাজারে বিক্রি হচ্ছে লম্বায় তিন থেকে চার ইঞ্চি মাছ। যা আইন বিরুদ্ধ। আজকের কাকদ্বীপের বিভিন্ন বাজারে পনেরো টাকা কিলো দরে বিক্রি হচ্ছে। মূলত ট্রলি ফিসিংয়ের মাছ। ছোট ফাঁসের জাল। যে জালে ইলিশের বাচ্চা শুধু নয়, অন্য মাছের বাচ্চা উঠে আসে। সরকার যতই চেঁচাক পরিবেশের ভারসাম্য হারিয়ে যাচ্ছে। সমুদ্রে মাছের ফলন কমছে তাতে কারও কর্ণপাত নেই।

মৎস্য অধিকর্তা সুরজিৎ বাগ এক প্রশ্নের উত্তরে বলেন, বড় জেলা সে তুলনায় নজরদারির লোক কম। তবে দ্রুত এ বিষয়ে মৎস্যজীবী সংগঠনের সঙ্গে আলোচনায় বসা হবে। স্থানীয় কিছু মৎস্যজীবীদের বক্তব্য ট্রলি ফিসিং যারা ধরে। তারা ছোট ফাঁসের জাল লুকিয়ে রাখে। সমুদ্রে কোনও নজরদারি সেরকম না থাকায় ছোট ফাঁসের জাল ফেলে মাছ ধরে। যা আইন আছে ফাইলে। বাস্তবে তা শূন্য।

## গোসাবায় ধারালো অস্ত্র নিয়ে আক্রমণ যুবকের উপরে

**গোসাবা, ৪ জুলাই :** ঘুমন্ত এক যুবকের উপর ধারালো অস্ত্র দিয়ে আঘাত করার অভিযোগ উঠল। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার গোসাবা থানার অন্তর্গত শম্ভুনগর গ্রামে। ঘটনায় গুরুতর জখম হয়েছে বিজয় দাস নামে ওই যুবক। আহত অবস্থায় তাকে ক্যানিং হাসপাতালে ভর্তি করা হয়েছে।গোসাবা থানার পুলিশ জানিয়েছে, মঙ্গলবার ভোর রাতে বিজয়কে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে তারা হাসপাতালে ভর্তি করে।